

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-১ অধিশাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৬.০১.০০৯.১৩-৪৬৮

তারিখঃ ০৯/০৯/২০১৯ খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।


বিষয়ঃ জনাব মোঃ মাহবুবুর রহমান খান, মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) (অবসরপ্রাপ্ত), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-এর অনুকূলে পেনশন ও আনুতোষিক মঞ্জুরি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ মৎস্য অধিদপ্তরের ২২/০৮/২০১৯ তারিখের ৩৩.০২.০০০০.১০২.০১.০১৭.৭৮-১০৩৬ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ মাহবুবুর রহমান খান, মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) (অবসরপ্রাপ্ত), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-এর অনুকূলে এককালীন আনুতোষিক বাবদ ৩৪,৫০,০০০/- (চৌত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হতে অনিষ্পন্ন অডিট আপত্তিকৃত ৮,৮৮,৮০৫/২২ (আট লক্ষ আটশি হাজার আটশত পাঁচ টাকা বাইশ পয়সা) টাকা পরিশোধ স্থগিত রেখে অর্থাৎ (৩৪,৫০,০০০.০০-৮,৮৮,৮০৫.২২) = ২৫,৬১,১৯৪.৭৮ (পঁচিশ লক্ষ একষট্টি হাজার একশত চুরানব্বই টাকা আটাত্তর পয়সা) টাকা মাত্র মঞ্জুরি প্রদান করা হল। কর্মকর্তার পেনশন সংক্রান্ত সংশ্লিষ্ট কাগজ-পত্রাদি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্তপূর্বক প্রেরণ করা হলোঃ

০১।	সাদা কাগজে আবেদন	১(এক) কপি।
০২।	পেনশন ফরমে আবেদন পত্র	১(এক) কপি।
০৩।	পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত)	১(এক) কপি।
০৪।	অবসরউত্তর ছুটি মঞ্জুরীর আদেশ	১(এক) কপি।
০৫।	শেষ বেতনের প্রত্যয়ন পত্র (ই এল পি সি)	১(এক) কপি।
০৬।	কর্মকর্তার কর্মকালীন সময়ে অডিট আপত্তি ও নিষ্পত্তি সম্পর্কে প্রত্যয়নপত্র	১(এক) কপি।
০৭।	প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারী ঘোষণা পত্র	১(এক) কপি।
০৮।	না দাবী সনদপত্র ক) পরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম খ) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা	১(এক) কপি। ১(এক) কপি।
০৯।	কর্মকর্তার বিরুদ্ধে কোন বিভাগীয় মামলা/অভিযোগ নাই এই মর্মে প্রত্যয়ন পত্র।	১(এক) কপি।
১০।	ই,এল,পি,সি তে অর্থ কর্তনের উল্লেখ নেই মর্মে প্রত্যয়ন	১(এক) কপি।
১১।	অঙ্গীকারনামা	১(এক) কপি।
১২।	আন্তর্জাতিক সংস্থায় চাকুরী না করার প্রত্যয়ন পত্র।	১(এক) কপি।
১৩।	সরকারী বাসায় বসবাস না করা সম্পর্কে প্রত্যয়ন পত্র।	১(এক) কপি।
১৪।	চাকরির বিবরণী	১(এক) সেট।
১৫।	অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিমূলক প্রমানক কাগজপত্রসহ নিরীক্ষা সংক্রান্ত প্রতিবেদন।	১ (এক) সেট।
১৬।	নমুনা স্বাক্ষর ও পাঁচ অঙ্গুলের ছাপ	১(এক) কপি।
১৭।	চাকরি স্থায়ীকরণ আদেশ	১(এক) কপি।

সংযুক্তিঃ পেনশন সংক্রান্ত কাগজপত্র -----ফর্দ।



(অসীম কুমার বালা)

যুগ্মসচিব


ফোন নং-৯৫৭৭২৬২

নং-৩৩.০০.০০০০.১২৬.০১.০০৯.১৩-৪৬৮

তারিখঃ ০৯/০৯/২০১৯ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ-

- ০১। মহাপরিচালক (চলতি দায়িত্ব), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ০২। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। জনাব মোঃ মাহবুবুর রহমান খান, মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) (অবসরপ্রাপ্ত), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
বর্তমান ঠিকানা- ৭/৬, ডি ব্লক, লালমাটিয়া, ঢাকা।



(অসীম কুমার বালা)

যুগ্মসচিব

ফোন নং-৯৫৭৭২৬২